# হাদি হত্যা মামলায় ২৪ ঘন্টার আলটিমেটাম দিয়ে শাহবাগ ছাড়ল ইনকিলাব মঞ্চ



সংগৃহীত ছবি

ওসমান হাদি হত্যার বিচারের অগ্রগতি ২৪ ঘণ্টার মধ্যে প্রকাশ না হলে ফের শাহবাগ অবরোধের ঘোষণা দিয়েছে ইনকিলাব মঞ্চ।

শনিবার (২০ ডিসেম্বর) বিকেলে শাহবাগের সমাবেশ থেকে সংগঠনের সদস্য সচিব আবদুল্লাহ আল জাবের এ আলটিমেটাম দেন। পরে আন্দোলনকারীরা শাহবাগ ছেড়ে গেলে যান চলাচল স্বাভাবিক হয়। তিনি জানান, দাবি না মানা হলে আগামীকাল বিকেল সোয়া পাঁচটায় পুনরায় শাহবাগ অবরোধ করা হবে।

এর আগে, কবি কাজী নজরুল ইসলামের সমাধির পাশে ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদির দাফন সম্পন্ন হয়। দুপুরে জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় জানাজা অনুষ্ঠিত হয়, যেখানে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসসহ রাজনৈতিক ও সামাজিক ব্যক্তিত্বরা অংশ নেন। পরে তার মরদেহ ঢাকা বিশ্ববিদ্যালয়ে নেওয়া হয়।

শনিবার সকালে ময়নাতদন্ত শেষে হাদির মরদেহ গোসলের জন্য জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটে নেওয়া হয়। ভোর থেকেই তাকে শেষবারের মতো দেখতে হাসপাতাল ও সংসদ এলাকায় মানুষের ঢল নামে।

LENS ASIA

উল্লেখ্য, গত ১২ ডিসেম্বর গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হন ওসমান হাদি। চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নেওয়া হলে সেখানে ১৫ ডিসেম্বর রাতে তিনি মারা যান। তার মৃত্যুতে শনিবার দেশে রাষ্ট্রীয় শোক পালন করা হচ্ছে।